

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৪ অধিশাখা।

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৪.১৫

তারিখঃ ১০/০৩.২০১৫ খ্রিঃ।

প্রেরকঃ মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন ১৪টি মেডিকেল কলেজ হাসপাতালের বিদ্যমান বার্ন ইউনিটগুলোকে শক্তিশালীকরণ এবং বিশেষায়িত চিকিৎসা সেবা সম্প্রসারণের জন্য সমন্বয়ক (বার্ন ইউনিটসমূহ) এর ০১টি পদ সৃজন।

আদিষ্ট হয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াদীন ১৪টি মেডিকেল কলেজ হাসপাতালে বিদ্যমান বার্ন ইউনিটগুলোকে শক্তিশালী করার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণসহ ইউনিটগুলোতে বিশেষায়িত চিকিৎসা সেবা সম্প্রসারণ এর লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সমন্বয়ক (বার্ন ইউনিটসমূহ) এর ০১ (এক)টি পদ সৃজনে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি:

২। পদটি নিম্নরূপঃ

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল/০৯	মন্তব্য
১	২	৩	৪	৫
১.	সমন্বয়ক (বার্ন ইউনিটসমূহ)	০১টি	টা: ২৯০০০-৩৫৬০০ (৩ নং গ্রেড)	সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ০২ (দুই) বছরের জন্য পদটি সৃজিত হবে। চুক্তির মেয়াদ শেষে অস্থায়ী পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে।
	মোট=	০১টি		

- ৩। উপরের ছকের ৪ নং কলামে নির্ধারণকৃত বেতনস্কেল কার্যকর হবে। এতদসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক প্রদত্ত শর্তাদি প্রতিপালন করতে হবে। এছাড়া, পদের মঞ্জুরী আদেশ (জিও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকনকৃত হতে হবে।
- ৪। এ পদ সৃষ্টিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮.০২.২০১৫ তারিখের ৮২ নং এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১১.০২.২০১৫ তারিখের ৫৯ নং স্মারকে সম্মতি রয়েছে।
- ৫। পৃষ্ঠাংকিত জিও-র ০১ (এক) কপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অফিসের হিসাব রক্ষণ অফিসে প্রেরণ করতে হবে এবং ০১ (এক) কপি নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে।
- ৬। সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ০২ (দুই) বছরের জন্য পদটি সৃজিত হবে। চুক্তির মেয়াদ শেষে অস্থায়ী পদটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে।
- ৭। চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগ প্রবিধি অনুবিভাগের ২২.০২.২০১০ তারিখের ৩৮৩ নং স্মারকে বর্ণিত শর্তাদি প্রতিপালন করতে হবে।
- ৮। পদটি সংরক্ষণের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের ১১১ নং স্মারকের নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ৯। এ আদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষর:

মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব
ফোন-৯৫৪৫১৩৪

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৪.১৫

তারিখঃ .০৩.২০১৫ খ্রিঃ।

অনুলিপি ০৪(চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসচিব, ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হলো। এর ২(দুই) কপি পৃষ্ঠাংকনপূর্বক ১(এক) কপি সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ১(এক) কপি প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মুঃ

মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব

নং-০৭.১৫৬.০১৫.৪৫.০২.১৭.২০১০

তারিখঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা ঢাকা বরাবর প্রেরণ করা হলো। এ আদেশ জারীতে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

উপসচিব


ব্যয় নিয়ন্ত্রণ-৬ অধিশাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০০৪.১৫ - ১২৬/১ (৬)

তারিখঃ ২০.০৩.২০১৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- ৫। উপসচিব (পার-২ অধিশাখা) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তৌকে সরকারী আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

✓ 
মো: জিল্লুর রহমান চৌধুরী
উপসচিব